



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২

ভালুকা, ময়মনসিংহ

ISO 9001:2015 Certified ই-মেইল mymensinghpds2@gmail.com

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৪৫.০১.০৩৭.১৮. ১২২৬

তারিখঃ- ২৮/০২/২০১৮ ইং।


বিষয়ঃ- RFQ পদ্ধতিতে ১১ কেভি ডিসকানেকশন সুইচ সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য নিম্নোক্ত বর্ণনা মোতাবেক ১১ কেভি ডিসকানেকশন সুইচ সরবরাহের নিমিত্তে পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	টাকা		দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
			একক মূল্য	মোট মূল্য	গ্রহণ	খোলা
০১	০২	০৩			০৪	০৫
০১	১১ কেভি ডিসকানেকশন সুইচ (এইচ ১৮.৬০০) নমুনা অনুযায়ী	০৬ সেট			০৭/০৩/২০১৮ইং তারিখ বুধবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।	৭/০৩/২০১৮ইং তারিখ বুধবার দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত।

দরপত্র দাখিল ও অন্যান্য শর্তাবলীঃ

- ০১। অগ্রহী দরদাতাগন অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন।
- ০২। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ডাকযোগে কুরিয়ার যোগে ময়মনসিংহ পবিস-২ এর সদর দপ্তর/পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা এই ঠিকানায় পৌছাতে হইবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হইবে। বর্ণিত সময়সূচী অনুযায়ী দাখিলকৃত সকল দরপত্র স্ব স্ব দাখিলকৃত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৩। কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে মালামাল সরবরাহ করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করিতে ব্যর্থ হইলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের উপর ০.১% হারে জরিমানা কর্তন করা হইবে।
- ০৪। মালামাল সরবরাহের পর কর্তৃপক্ষের নিকট মালামালের গুণগত মান সন্তোষজনক বিবেচিত হইলে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক সরাসরি একাউন্টপেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। তবে মালামালের মূল্য পরিশোধের ক্ষেত্রে অন্য কোন শর্ত থাকিলে তাহা সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- ০৫। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যখার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।
- ০৬। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে। সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হইবে। তবে প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিষ্ঠান কর্তৃক ভ্যাট/ট্যাক্স পরিশোধের চালান সরবরাহ করা হইলে কর্তন করা হইবে না।
- ০৭। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।
- ০৮। দরপত্রে উল্লেখ নাই এমন কোন সমস্যার উদ্ভব হইলে সমিতির কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া বিবেচিত হইবে।


(প্রকৌঃ জহিরুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (দরপত্র গ্রহণের অনুরোধসহ)
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি, বাপবিবোর্ড, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবোর্ড, ময়মনসিংহ
- ০৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ/গাজীপুর।
- ০৫। পুলিশ সুপার, ময়মনসিংহ/গাজীপুর।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপদ) ময়মনসিংহ/গাজীপুর।
- ০৮। ডিজিএম(মাওনা/গফরগাঁও/টেকনিক্যাল) মপবিস-২।
- ০৯। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/পিএন্ডএম) মপবিস-২।
- ১০। সহঃ প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, ময়মনসিংহ পবিস-২।
- ১১। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মপবিস-২(ওয়েব সাইটে আপলোড করবেন)।
- ১২। নোটিশবোর্ড, মপবিস-২।
- ১৩। মেসার্স-----।
- ১৪। অফিস কপি/ মাস্টার কপি।

(বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে
প্রচারের জন্য অনুরোধ করা হইল)।


(প্রকৌঃ জহিরুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার